# নির্বাচনের আগে আমলাদের দিয়ে প্রচারের কৌশল! কেন্দ্রের পদক্ষেপের সমালোচনা জহরের

*Jago Bangla*

**প্রতিবেদন :** সমস্ত স্তরে বিজেপির গৈরিকীকরণ ও মোদি সরকারের ঢাক পেটানোর কাজে এবার সরকারি আমলাদের ব্যবহার করতে চায় মোদি সরকার। লোকসভা ভোটের আগে বিভিন্ন মন্ত্রক ও বিভাগের আমলাদের দেশ জুড়ে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন প্রকল্প সম্পর্কে সচেতনতা গড়ে তোলার কাজে নিযুক্ত করার সিদ্ধান্ত নিয়েছে মোদি সরকার। 'বিকশিত ভারত সঙ্কল্প যাত্রা' নামে এই প্রচারাভিযান শুরু হবে ২০ নভেম্বর এবং চলবে ২৫ জানুয়ারি পর্যন্ত। এজন্য সমস্ত দফতরকে নির্দেশ দেওয়া হয়েছে, দেশ জুড়ে গ্রামস্তর থেকে অফিসার নিয়োগ করে বিকশিত ভারত সংকল্প যাত্রা নামে রোড শোয়ের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের সাফল্য তুলে ধরতে হবে।

আরও পড়ুন-২০২৫-এর মধ্যে তলানিতে নেমে যাবে ভারতের ভূগর্ভস্থ জলস্তর, উদ্বেগজনক রিপোর্ট রাষ্ট্রসংঘের

২০১৪ সালে ক্ষমতায় আসা বিজেপি সরকার দু-বারের মেয়াদে, বিগত নয় বছরে কী কী সাফল্য অর্জন করেছে, মূলত সেটাই এই কর্মসূচির মাধ্যমে প্রচার করতে চায় মোদি প্রশাসন। সারা দেশের মোট ২.৭ লক্ষ গ্রাম পঞ্চায়েত এলাকায় এই প্রচারাভিযান চলবে। কেন্দ্রীয় সরকারের যুগ্ম সচিব, ডেপুটি সচিব পর্যায়ের আধিকারিকদের জেলা রথপ্রভারী পদে নিযুক্ত করবে মোদি সরকার। আমলাতন্ত্রের এই রাজনীতিকরণ নিয়ে ইতিমধ্যেই সমালোচনার ঝড় উঠেছে। ভোট-রাজনীতির কাজে আমলাদের এভাবে ব্যবহার করার নিন্দা করেছেন প্রাক্তন আমলা তথা তৃণমূল কংগ্রেসের রাজ্যসভার সাংসদ জহর সরকার।

আরও পড়ুন-কল্যাণী এইমসে নিয়োগ-দুর্নীতির অভিযোগ, ডিরেক্টরকে তলব করল সিআইডি

কেন্দ্রের এই সিদ্ধান্ত নিয়ে রাজনৈতিক মহলে চর্চার পাশাপাশি অবিলম্বে এই সিদ্ধান্ত প্রত্যাহারের দাবি জানিয়ে প্রধানমন্ত্রীকে চিঠি দিয়েছেন কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে। চিঠিতে তিনি উল্লেখ করেছেন, প্রশাসনযন্ত্রকে রাজনীতির বাইরে রাখা আবশ্যিক কর্তব্য। প্রসঙ্গত, শুধু আমলারাই নয়, গত ৯ অক্টোবর প্রতিরক্ষা মন্ত্রকের তরফে একটি নির্দেশিকা জারি করে সেনাবাহিনীর জওয়ানদের ছুটিতে যেতে বলা হয়। সেনাদূত হিসেবে তাঁদের সরকারের কাজের প্রচারে শামিল করার নির্দেশ দেয় প্রতিরক্ষা মন্ত্রক। দুটি বিষয়ই তুল ধরেছেন খাড়গে। তাঁর বক্তব্য, সেনাবাহিনীকে রাজনীতির আওতার বাইরে রাখা উচিত। তাঁরা কেবলমাত্র সংবিধান এবং দেশের প্রতি দায়বদ্ধ।

আরও পড়ুন-কল্যাণী এইমসে নিয়োগ-দুর্নীতির অভিযোগ, ডিরেক্টরকে তলব করল সিআইডি

এইভাবে সেনাবাহিনীকে সরকারের প্রচারের নাম করে রাজনীতির কাজে ব্যবহার করা মারাত্মক প্রবণতা। তৃণমূল সাংসদ এবং কেন্দ্রীয় সরকারে দেড় দশক কাজ করা অবসরপ্রাপ্ত আইএএস অফিসার জহর সরকার বলেন, মোদি ভীত। সেই কারণে যুগ্ম সচিব, ডেপুটি সচিবের মতো উচ্চপদস্থ আমলাদের জেলা রথপ্রভারী স্পেশাল অফিসার পদে বহাল করা হচ্ছে। দেশের ৭৬৫টি জেলার ২.৬৯ লক্ষ গ্রাম পঞ্চায়েতে এই নিয়োগ। মোদি সরকারের ৯ বছরের কাজ সম্পর্কে প্রচার করবেন তাঁরা। প্রশাসন যন্ত্রকে এভাবে রাজনৈতিক কাজে ব্যবহার একবারেই অপ্রত্যাশিত।